



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

স্মারক নং-১৪.৩২.০০০০.০০৭.৫৫.১০১.১৫.৬১৪

তারিখঃ ১৫.১২.২০২০ইং

আইএসপি লাইসেন্স সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) হতে টেলিযোগাযোগ খাতে ইন্টারনেট সেবার মান বৃদ্ধি ও সুশৃঙ্খল উন্নয়নে সরকারের ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অনুমোদনক্রমে “Regulatory and Licensing Guidelines for Internet Service Provider (ISP)” শীর্ষক ইন্টারনেট সেবা প্রদান সংক্রান্ত গাইডলাইন জারী করা হয়েছে। গাইডলাইনটি কমিশনের ওয়েবসাইটে (www.btrc.gov.bd) প্রকাশিত হয়েছে। উক্ত গাইডলাইনে বর্ণিত শর্ত সমূহ যথাযথভাবে প্রতিপালনের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলোঃ

১. বিদ্যমান আইএসপি লাইসেন্স সমূহের কনভার্সন গাইডলাইন অনুযায়ী করতে হবে;
২. গাইডলাইনে বর্ণিত বিধান অনুযায়ী আইএসপি সংশ্লিষ্ট সকল কার্যক্রম পরিচালিত হবে;
৩. নতুন আইএসপি লাইসেন্সের জন্য আগ্রহী সকল প্রতিষ্ঠানকে গাইডলাইনের নির্দেশনা অনুযায়ী আবেদন করতে হবে;
৪. গাইডলাইনের নির্দেশনা অনুযায়ী নবায়নযোগ্য বিদ্যমান সকল আইএসপি লাইসেন্সধারী প্রতিষ্ঠানকে নবায়নের জন্য আবেদন করতে হবে;
৫. ইতোপূর্বে নতুন লাইসেন্সের জন্য আবেদনকৃত প্রতিষ্ঠানসমূহকে গাইডলাইন অনুযায়ী যথাযথভাবে পুনরায় আবেদন করতে হবে;
৬. গাইডলাইন অনুযায়ী নির্ধারিত সকল ফিস এন্ড চার্জ প্রযোজ্য হবে।

ইহা সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

(মোঃ রাইসুল ইসলাম)

উপ-পরিচালক

লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগ

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন